



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২১.২৪.২৫২

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০

২৭ মার্চ ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৯৮৫/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৯৮৫/২০২৪-এর ২৭/০২/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন পশ্চিম চর উমেদ ইউনিয়ন পরিষদ নির্বাচন, ২০২৪-এ চেয়ারম্যান এবং সংরক্ষিত ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয়-এর গত ২৩/০১/২০২৪ খ্রি. তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০২০.২১-৫৯ সংখ্যক স্মারকে পত্র এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন, ভোলা-এর গত ২৪/০১/২০২৪ খ্রি. তারিখের ১৭.০৬.০৯৫৪.০০০.৪১.০০৩.২৪-১৭ সংখ্যক স্মারকে বিজ্ঞপ্তি জারি করা হয়। ফলে পিটিশনার জনাব ইকবাল উক্ত সংখ্যক স্মারকাদেশ চ্যালেঞ্জ করে রিট পিটিশন নং ১৯৮৫/২০২৪ রুজু করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন-কে ২নং এবং জেলা প্রশাসক, ভোলা-কে ৩নং প্রতিপক্ষসহ মোট সাত জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৯৮৫/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুলের নির্দেশনা মোতাবেক অন্তর্বর্তীকালীন আদেশ প্রতিপালনসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8558/potrojariAttachmentRef/53308/0/2240)

৩১-৩-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

বিতরণ :

- ১) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন
- ২) জেলা প্রশাসক, ভোলা, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২১.২৪.২৫২/১(৫)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০

২৭ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৩১-৩-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)